

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৯-০৫-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৬-০৫-২০২২ থেকে ১৮-০৫-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

### ১৬ই মে:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও ও কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী থেকে অতি ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল।

### ১৭ই মে:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার কয়েক জায়গায় ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল।

### ১৮ই মে:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল।

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৮৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৩ থেকে ৯১ শতাংশ ।

**সর্বোচ্চ তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংসে সর্বোচ্চ তাপমাত্রা ১৬ই মে পুরুলিয়ায় ৪০.৩ ডিগ্রি সেলসিয়াস ছিল ।

**পরবর্তী ৩ দিন (২০-০৫-২০২২ থেকে ২২-০৫-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :**

**দিন ১ -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান জেলার কয়েক জায়গায় ও বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**দিন ২-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান জেলার কয়েক জায়গায় ও বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**দিন ৩ -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় ও পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## সতর্কীকরণ:

### দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কোচবিহার, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় ৩০-৪০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

### দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় ৩০-৪০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

### দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলার দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সর্*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১৯-০৫-২০২২

